



আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

Website: www.bb.org.bd

০৬ পৌষ ১৪২৯

তারিখ:

২১ ডিসেম্বর ২০২২

ডিএফআইএম সার্কুলার লেটার নং-২৬

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়,

আর্থিক প্রতিষ্ঠানসমূহের মোটরযান ক্রয়, ব্যবহার ও পরিচালনা ব্যয় সংকোচন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে এ বিভাগের ১৮ নভেম্বর, ২০১৫ তারিখের ডিএফআইএম সার্কুলার নং-১২ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। প্রতিষ্ঠান ও আমানতকারীদের স্বার্থে আর্থিক প্রতিষ্ঠানসমূহের যানবাহন ব্যবহারে উচ্চ পরিচালনা ব্যয় পরিহারকল্পে উক্ত সার্কুলারের ১(খ) নং অনুচ্ছেদে আর্থিক প্রতিষ্ঠানের সকল যানবাহন ন্যূনতম ৫(পাঁচ) বছর ব্যবহারের পর প্রতিস্থাপনযোগ্য হবে মর্মে নির্দেশনা প্রদান করা হয়। এ ক্ষেত্রে, গাড়ির আয়ুষ্কাল ৮(আট) বছর সংক্রান্ত সরকারি আদেশের সাথে সংগতি রেখে এ মর্মে নির্দেশনা প্রদান করা যাচ্ছে যে, আর্থিক প্রতিষ্ঠানের সকল যানবাহন ন্যূনতম ৮(আট) বছর ব্যবহারের পর প্রতিস্থাপনযোগ্য হবে।

৩। উল্লেখ্য, বর্তমান বৈশ্বিক অর্থনৈতিক অবস্থার প্রেক্ষাপটে পরিচালন/উন্নয়ন ব্যয় স্থগিত/হ্রাস করার সরকারি সিদ্ধান্তের সাথে সংগতি রেখে ২০২২-২৩ অর্থবছরে আর্থিক প্রতিষ্ঠানসমূহের দাপ্তরিক ব্যয়ে যে কোন ধরনের যানবাহন ক্রয় (নতুন/প্রতিস্থাপন) বন্ধ থাকবে।

৪। এতদ্ব্যতীত, দাপ্তরিক ব্যয়ে গাড়ি ব্যবহার সংক্রান্ত অন্যান্য অসংগতি দূরীকরণার্থে এবং পরিচালনা ব্যয় হ্রাসকরণের লক্ষ্যে নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হলো-

- (ক) আর্থিক প্রতিষ্ঠানের প্রধান নির্বাহীকে প্রতিষ্ঠানের ব্যয়ে একাধিক গাড়ি ব্যবহারের সুবিধা প্রদান করা যাবে না;
- (খ) যে সকল কর্মকর্তা গাড়ি ঋণ এবং এর রক্ষণাবেক্ষণ বাবদ অর্থ গ্রহণ করেন সে সকল কর্মকর্তাগণ প্রতিষ্ঠানের গাড়ি ব্যবহার করতে পারবেন না; এবং
- (গ) শুধুমাত্র প্রকৃত ব্যয় সাপেক্ষে অনুমোদিত সীমা অনুযায়ী মোটরযান সংক্রান্ত জ্বালানী ব্যয় নির্বাহ করা যাবে। এ বিষয়ক খরচের প্রমাণক/ভাউচার যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।

৫। ডিএফআইএম সার্কুলার নং-১২/২০১৫ এ বর্ণিত অন্যান্য নির্দেশনাসমূহ বহাল থাকবে।

আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮(ছ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ আদেশ জারি করা হলো যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আমির উদ্দিন)

পরিচালক (ডিএফআইএম)

ফোনঃ ৯৫৩০১৭৮